এইচএসসি, এইচএসসি (ভোকেশনাল), এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) ও আলিম পরীক্ষা- ২০১৮ এর প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী ।

সভাপতি : মোহাম্মদ খালেদ রহীম
জেলা প্রশাসক, নীলফামারী

সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ,নীলফামারী

তারিখ : ২৭ মার্চ ২০১৮ খ্রি.

সময় : ১১.০০ টা

সভায় উপস্থিত কর্মকর্তা এবং শিক্ষকগণের নাম ও পদবী (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । তিনি সুষ্ঠু ও সুন্দরভাবে নকল ও দুর্নীতিমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন । সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/শিক্ষা ও আইসিটি), নীলফামারী সভায় জানান যে, আগামী ০২/০৪/২০১৮ তারিখ হতে সারাদেশে একযোগে এইচএসসি, এইচএসসি (ভোকেশনাল), এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) ও আলীম পরীক্ষা-২০১৮ শুরু হবে। ২০১৮ সালে এ জেলায় এইচএসসি পরীক্ষা কেন্দ্র ২৪ (চব্বিশ) টি, এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষা কেন্দ্র ০১ (এক) টি, এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) পরীক্ষা কেন্দ্র ০৯ (নয়) টি এবং আলীম পরীক্ষা কেন্দ্র ০৬ (ছয়) টি। তিনি নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের ব্যাপারে প্রয়োজনীয় নির্দেশনা এবং পরীক্ষার সাথে সম্পৃক্ত শিক্ষকগণের করণীয় সম্পর্কে সভায় আলোচনা করেন । সভায় বিস্তারিত আলোচনায় উপস্থিত কেন্দ্র সচিবগণ নিজ নিজ পরীক্ষা কেন্দ্রের পরীক্ষার্থীর সংখ্যা নিম্নরূপভাবে উল্লেখ করেন ।

১। এইচএসসি পরীক্ষা কেন্দ্রসমূহ :

| ক্রমিক নং | উপজেলার নাম | পরীক্ষা কেন্দ্রের নাম | পরীক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|
| ০১ | নীলফামারী সদর | নীলফামারী -১<br>মশিউর রহমান ডিগ্রী কলেজ,নীলফামারী (৬০১) | ৬৯৬ |
| ০২ | " | নীলফামারী -২<br>নীলফামারী সরকারী কলেজ (৬০২) | ৮৬৯ |
| ০৩ | " | নীলফামারী-৩<br>নীলফামারী সরকারী মহিলা কলেজ (৬০৩) | ৭৬৭ |
| ০৪ | " | নীলফামারী-৪<br>ছমির উদ্দিন স্কুল এন্ড কলেজ (৬০৪) | ১০০৮ |
| ০৫ | সৈয়দপুর | সৈয়দপুর-১<br>সৈয়দপুর সরকারী কারিগরি কলেজ (৬০৬) | ১০৫১ |
| ০৬ | " | সৈয়দপুর-২<br>সৈয়দপুর ক্যান্ট পাবলিক স্কুল ও কলেজ (৬০৭) | ৬২৩ |
| ০৭ | " | সৈয়দপুর-৩<br>সৈয়দপুর কলেজ (৬০৮) | ৬৯৩ |
| ০৮ | " | সৈয়দপুর-৪<br>সৈয়দপুর মহিলা কলেজ (৬০৯) | ৬০১ |
| ০৯ | " | সৈয়দপুর-৫<br>লায়ন্স স্কুল এন্ড কলেজ (৬২৪) | ৪৪৫ |
| ১০ | জলঢাকা | জলঢাকা-১<br>জলঢাকা কলেজ (৬১০) | ৭৭০ |
| ১১ | " | জলঢাকা-২<br>রাবেয়া চৌধুরী মহিলা কলেজ জলঢাকা (৬১১) | ৬৭৬ |
| ১২ | " | জলঢাকা-৩<br>শিমুলবাড়ী বঙ্গবন্ধু ডিগ্রী কলেজ (৬১২) | ৪২৮ |
| ১৩ | " | জলঢাকা-৪<br>মীরগঞ্জহাট ডিগ্রী মহাবিদ্যালয় (৬২৮) | ৬৮৮ |
| ১৪ | ডোমার | ডোমার-১<br>ডোমার সরকারি কলেজ (৬১৩) | ৬৩৭ |
| ১৫ | " | ডোমার-২<br>চিলাহাটী সরকারি কলেজ (৬১৪) | ৩৮০ |

| | | | |
|---|---|---|---|
| ১৬ | " | ডোমার-৩<br>ডোমার মহিলা কলেজ (৬১৫) | ৫২০ |
| ১৭ | " | ডোমার-৪<br>চিলাহাটী গার্লস স্কুল এন্ড কলেজ (৬২২) | ২৪০ |
| ১৮ | কিশোরগঞ্জ | কিশোরগঞ্জ-১<br>কিশোরগঞ্জ কলেজ (৬১৬) | ৩৭০ |
| ১৯ | " | কিশোরগঞ্জ-২<br>রনচন্ডী স্কুল ও কলেজ (৬১৭) | ৩৭৬ |
| ২০ | " | কিশোরগঞ্জ-৩<br>কিশোরগঞ্জ মহিলা মহাবিদ্যালয় (৬১৮) | ২৬৭ |
| ২১ | " | কিশোরগঞ্জ-৪<br>বড়ভিটা হাইস্কুল এন্ড কলেজ (৬২৬) | ৪২৫ |
| ২২ | ডিমলা | ডিমলা-১<br>ডিমলা ইসলামিয়া কলেজ (৬১৯) | ৯১৩ |
| ২৩ | " | ডিমলা-২<br>ডিমলা মহিলা কলেজ (৬২০) | ৪০৭ |
| ২৪ | " | ডিমলা-৩<br>জনতা ডিগ্রী কলেজ (৬২১) | ৭৬০ |
| | | মোট= | ১৪,৬৩০ |

০৩। এইচএসসি ( ব্যবসায় ব্যবস্থাপনা ) পরীক্ষা কেন্দ্র সমূহ :

| ক্র: নং | উপজেলার নাম | পরীক্ষা কেন্দ্রের নাম | ভেন্যু | পরীক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১ | ডিমলা | ডিমলা টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট, ডিমলা, নীলফামারী (১৪০০৬) | ডিমলা মহিলা মহাবিদ্যালয়, ডিমলা | ৪৮৩ |
| ০২ | " | খগাখড়িবাড়ী টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট, ডিমলা (১৪০২২) | খগাখড়িবাড়ী বালিকা উচ্চ বিদ্যালয়, ডিমলা | ৬৬১ |
| ০৩ | সৈয়দপুর | সৈয়দপুর বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট, সৈয়দপুর, নীলফামারী (১৪০২৩) | সৈয়দপুর আদর্শ বালিকা বিদ্যালয় ও কলেজ, সৈয়দপুর | ২৫৯ |
| ০৪ | ডোমার | ডোমার বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট, বোড়াগাড়ী, ডোমার, নীলফামারী। (১৪০২৪) | নজমুল শাহানা কৃষি মহাবিদ্যালয়, ডোমার | ৩৫৯ |
| ০৫ | কিশোরগঞ্জ | কিশোরগঞ্জ বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট, কালিকাপুর, কিশোরগঞ্জ, নীলফামারী (১৪০২৫) | কিশোরগঞ্জ বি.এম কলেজ, কিশোরগঞ্জ | ৪৫৫ |
| ০৬ | " | কিশোরগঞ্জ বি এম কলেজ, কিশোরগঞ্জ, নীলফামারী (১৪০৩১) | কিশোরগঞ্জ বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট, কালিকাপুর, কিশোরগঞ্জ | ৪৯৫ |
| ০৭ | জলঢাকা | জলঢাকা ডিগ্রী মহাবিদ্যালয়,জলঢাকা,নীলফামারী (১৪০২৬) | জলঢাকা বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট, জলঢাকা | ২৯২ |
| ০৮ | " | জলঢাকা বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট, জলঢাকা, নীলফামারী (১৪০২৭) | জলঢাকা ডিগ্রী মহাবিদ্যালয়,জলঢাকা | ৬২২ |
| ০৯ | সদর | নীলফামারী টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, নীলফামারী সদর, নীলফামারী (১৪০২৮)। | নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী | ৩৯০ |
| | | | মোট= | ৪,০১৬ |

০৪। এইচএসসি ( ভোকেশনাল ) পরীক্ষা কেন্দ্র :

| ক্রমিক নং | উপজেলার নাম | পরীক্ষা কেন্দ্রের নাম | পরীক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|
| ০১ | সদর | নীলফামারী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, নীলফামারী। | ৬৯ |
| | | মোট= | ৬৯ |

০৩। আলিম পরীক্ষা কেন্দ্রসমূহ :

| ক্রমিক নং | উপজেলার নাম | পরীক্ষা কেন্দ্রের নাম | পরীক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|
| ০১ | সদর | নীলফামারী আলিয়া মাদরাসা (৩৯২) | ২৬৩ |
| ০২ | কিশোরগঞ্জ | কিশোরগঞ্জ কেশবা সিনিয়র মাদরাসা (৩৯৪) | ১০২ |
| ০৩ | জলঢাকা | ছিটমীরগঞ্জ শালনগ্রাম ফাজিল মাদরাসা, জলঢাকা | ৩৩৭ |
| ০৪ | ডিমলা | ডিমলা ফাযিল মাদরাসা, ডিমলা (৩৯৫) | ১৯৭ |
| ০৫ | ডোমার | ডোমার ইসলামিয়া সিনিয়র মাদরাসা (৩৯৭) | ১৫০ |
| ০৬ | সৈয়দপুর | সোনাখুলী মুন্সীপাড়া কামিল মাদরাসা, সৈয়দপুর (৩৯৩) | ২১৫ |
| | | মোট= | ১,২৬৪ |

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/শিক্ষা ও আইসিটি) সভায় উপস্থিত কেন্দ্র সচিবগণকে জানান যে, পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা যথাযথভাবে অনুসরণ করে পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করতে হবে। অত:পর সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় :

১। অধ্যক্ষ, নীলফামারী টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, নীলফামারী সভায় সভাপতির দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, ২০১৭ সালে তার কেন্দ্রে নির্ধারিত পরীক্ষা গ্রহণের জন্য স্থান সংকুলান না হওয়ায় ছমির উদ্দিন স্কুল এন্ড কলেজ, নীলফামারীকে কেন্দ্র হিসেবে ব্যবহার করা হয়। ২০১৮ সালের পরীক্ষা উক্ত কেন্দ্রে আসন সংকুলান না হওয়ায় তিনি নীলফামারী সরকারি কলেজকে কেন্দ্র হিসেবে ব্যবহারের অনুমতি প্রদানের জন্য অনুরোধ জানান। একইভাবে অধ্যক্ষ, ডিমলা ইসলামিয়া কলেজ, ডিমলা জানান যে, তার পরীক্ষা কেন্দ্রে মোট পরীক্ষার্থীর সংখ্যা ৯০৭ জন। উক্ত কেন্দ্রে এতসংখ্যক পরীক্ষার্থীর আসন সংকুলান না হওয়ার কারণে পার্শ্ববর্তী ডিমলা আর.বি.আর সরকারি উচ্চ বিদ্যালয়ে একটি কেন্দ্র স্থাপনের জন্য অনুরোধ করেন। সভায় সর্বসম্মতিক্রমে উক্ত শিক্ষা প্রতিষ্ঠান ০২ (দুই) টির সার্বিক পরিস্থিতি বিবেচনা করে পুরনো কেন্দ্রের স্থলে প্রস্তাবিত নতুন কেন্দ্র সমূহ ব্যবহার করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২। উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারগণ এবং জেলা সদরের ক্ষেত্রে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নীলফামারী প্রত্যেক পরীক্ষা কেন্দ্রের জন্য যথাক্রমে ০১ জন করে দায়িত্বশীল কর্মকর্তা ও ০১ জন করে নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগ করবেন। তারা ট্রেজারি/ থানা/ ব্যাংক হতে কেন্দ্র সচিবসহ প্রশ্নপত্র গ্রহণ করে পুলিশ প্রহরায় কেন্দ্রে নিয়ে যাবেন। তাদের উপস্থিতি ব্যতীত প্রশ্নপত্র বের করা যাবে না বা বহন করা যাবে না। তাছাড়া প্রশ্নপত্রের ট্রাংক খোলা এবং পুনরায় সিলগালা করার সময়ও উপজেলা নির্বাহী অফিসার/ট্রেজারি অফিসার/দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটকে কঠোর সতর্কতা ও নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রতিদিনের সেটের তথ্যসম্বলিত একটি রেজিস্টার সংরক্ষণ করতে হবে এবং সেখানে সকলকে স্বাক্ষর প্রদান করতে হবে।

৩। ট্রেজারী/নিরাপত্তা হেফাযত হতে পরীক্ষা কেন্দ্রের এম.সি.কিউ সহ রচনামূলক/সৃজনশীলের সকল সেট প্রশ্নই নিতে হবে। সেট কোড পরীক্ষা শুরুর ২৫ মিনিট পূর্বে জানানো হবে। সে অনুযায়ী নির্ধারিত সেটকোডের পরীক্ষা গ্রহণ করতে হবে।

৪। পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে সকল পরীক্ষার্থীকে আবশ্যিকভাবে পরীক্ষা হলে প্রবেশ করতে হবে। যদি কোন পরীক্ষার্থী পরীক্ষা শুরুর ৩০ মিনিট পরে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করে তা হলে সংশ্লিষ্ট কেন্দ্র সচিব দায়ী থাকবে। এ নির্দেশ প্রতিপালনে ব্যর্থ কেন্দ্র সচিবের বিরুদ্ধে তাৎক্ষণিক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণসহ বিভাগীয় মামলা দায়ের করা হবে।

৫। কেন্দ্র সচিব ব্যতীত অন্য কেহ পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন বা অননুমোদিত ইলেক্ট্রনিক ডিভাইস ব্যবহার করতে পারবে না। কেন্দ্র সচিব শুধু একটি সাধারণ ফোন (ক্যামেরা ও ইন্টারনেট সংযোগ বিহীন) ব্যবহার করতে পারবেন।

৬। পরীক্ষা কেন্দ্রের ২০০ মিটারের মধ্যে কিংবা পরীক্ষা কেন্দ্রের অভ্যন্তরে মোবাইল ফোন নিয়ে প্রবেশকারীকে তাৎক্ষণিক গ্রেফতারসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। পরীক্ষা সংশ্লিষ্ট ব্যতীত, বিদ্যালয় পরিচালনা কমিটির সদস্যবৃন্দ, পরীক্ষার হলে দায়িত্বরত শিক্ষক ব্যতীত অন্য কোন শিক্ষক পরীক্ষা হলে প্রবেশ করতে পারবেন না। এ নির্দেশ প্রতিপালনে ব্যর্থ কেন্দ্র সচিবের বিরুদ্ধে তাৎক্ষণিক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণসহ বিভাগীয় মামলা দায়ের করা হবে।

৮। অনিবার্য কারণ বশত: কোন পরীক্ষা বিলম্বে শুরু করতে হলে যত মিনিট পরে পরীক্ষা শুরু হবে পরীক্ষার্থীদের সে সময় থেকে যথারীতি প্রশ্নপত্রে উল্লিখিত নির্ধারিত ঘন্টা সময় দিতে হবে। এ নির্দেশ প্রতিপালনে ব্যর্থ কেন্দ্র সচিবের বিরুদ্ধে তাৎক্ষণিক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণসহ বিভাগীয় মামলা দায়ের করা হবে।

৯। কেন্দ্র সচিব প্রত্যেক পরীক্ষার দিন সঠিক সেট-এর প্রশ্নপত্র কেন্দ্রে আনয়ন এবং প্রশ্নের প্যাকেট খোলার পূর্বে ঐ দিনের সেট নির্দেশিকায় বর্ণিত সেট ও প্রশ্নের প্যাকেটে উল্লিখিত সেট একই কি না সেটি নিশ্চিত করবেন। তারপর প্রশ্নপত্রের প্যাকেট খুলবেন।

১০। কেন্দ্র প্রতিষ্ঠানের কোন শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী নিজ প্রতিষ্ঠান কেন্দ্র ব্যতীত অন্য কোন কেন্দ্রে বা প্রতিষ্ঠানে পরীক্ষার কোন দায়িত্ব পালন করতে পারবেন না।

১১। রেজি:কার্ড ও প্রবেশপত্র বহির্ভুত বিষয়ে কোন পরীক্ষার্থীকে শিক্ষা বোর্ডের অনুমতি ব্যতিরেকে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া যাবে না।

১২। পরীক্ষার দিন পরীক্ষা আরম্ভ হওয়ার আধা ঘন্টা পূর্বে ঐ দিন অনুষ্ঠিতব্য বিষয় ও পত্রের পরীক্ষার প্রশ্নপত্র কেন্দ্রের কর্মকর্তার নিকট হতে কেন্দ্র সচিব গ্রহণ করে তার ব্যক্তিগত হেফাযতে রাখবেন।

১৩। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিটের মধ্যেই অবশ্যই কেন্দ্র সচিব নিজ দায়িত্বে প্রতিটি কক্ষের পরিদর্শকের নিকট থেকে অনুপস্থিত পরীক্ষার্থীদের প্রশ্নপত্র ও উত্তরপত্র সংগ্রহ করে নিরাপদ হেফাজতে সংরক্ষণ করে রাখবেন। প্রশ্নপত্র গ্রহণের পর হতে পরীক্ষা শেষ না হওয়া অবধি প্রশ্নপত্রের নিরাপত্তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কেন্দ্র সচিবগণকে অনুরোধ করা হয়।

১৪। আসনগুলো এমনভাবে সাজাতে হবে যাতে একটি হতে অন্যটির যথেষ্ট দূরত্ব বজায় থাকে।

১৫। আসন বিন্যাস I প্যাটার্নে করতে হবে তবে একই বিদ্যালয়ের পরীক্ষার্থীদের আসন ব্যবস্থা পরস্পরের সন্নিকটে করা যাবে না। অসন ব্যবস্থার এক বা একাধিক কপি পরীক্ষা কেন্দ্রের/ ভেন্যুর প্রকাশ্য স্থানে ঝুলিয়ে দিতে হবে।

১৬। ৫ ফুট/৬ ফুট বেঞ্চে ০২ জন এবং ৪ফুট বা তার কম লম্বা হলে ০১ জনের আসন ব্যবস্থা করতে হবে। কোন অবস্থাতেই এর ব্যতিক্রম করা যাবে না।

১৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রতি ভেন্যুর জন্য ০১ (এক) জন হল সুপার এবং ২০ জন পরীক্ষার্থীর জন্য ০১ জন কক্ষ প্রত্যবেক্ষক নিয়োগ করবেন।তবে কোন কক্ষে পরীক্ষার্থীর সংখ্যা ২০ জন বা তার কম হলেও ০১ টি কক্ষে অবশ্যই ০২ জন কক্ষ প্রত্যবেক্ষক নিয়োগ করবেন।

১৮। পাবলিক পরীক্ষাসমূহ (অপরাধ) আইন, ১৯৮০ কঠোরভাবে প্রয়োগ করতে হবে।

১৯। কোন পরীক্ষার্থী কোন অবস্থাতেই বোর্ড কর্তৃক অনুমোদিত পরীক্ষা কেন্দ্র ব্যতীত অন্য কোন অননুমোদিত স্থানে পরীক্ষা দিতে পারবে না।

২০। কোন পরীক্ষার্থী প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড ব্যতীত কোন বই বা অন্য কোন কাগজপত্র পরীক্ষা কক্ষের অভ্যন্তরে আনতে পারবেন না

২১। কোন প্রত্যবেক্ষকের ছেলে/মেয়ে/পৌষ্য সংশ্লিষ্ট পরীক্ষায় পরীক্ষার্থী হলে তিনি উক্ত পরীক্ষায় প্রত্যবেক্ষক হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন না।

২২। কেন্দ্র সচিব পরীক্ষা শুরুর ৩০ মিনিট আগে সকল পরীক্ষার্থীর আসন গ্রহণের বিষয়টি নিশ্চিত করবেন এবং পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে পরীক্ষাকেন্দ্রে যাতে করে আর কোন পরীক্ষার্থী প্রবেশ করতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় প্রচারনা ও সচেতনতা সৃষ্টির উদ্যোগ গ্রহণ করবেন।

২৩। পরীক্ষা চলাকালীন দিবসসমূহে উত্তরপত্র প্রেরণ করার জন্য রাত ০৮ টা পর্যন্ত যাতে পোস্ট অফিস খোলা থাকে সে বিষয়ে নিশ্চয়তা বিধানের জন্য আঞ্চলিক পোস্ট মাস্টার জেনারেল, রংপুর অঞ্চল, রংপুরকে অনুরোধ করা হয়।

২৪। জেলা সদরের জন্য বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নীলফামারী এবং উপজেলা সদরের জন্য উপজেলা নির্বাহী অফিসারগণ পরীক্ষা কেন্দ্রসমূহের আইন-শৃংখলা রক্ষার জন্য ফৌঃ কাঃ বিঃ ১৪৪ ধারা জারী করবেন। পরীক্ষা কেন্দ্র সমূহে ম্যাজিস্ট্রেট নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নীলফামারীকে অনুরোধ করা হয়।

২৫। জেলা সদরে এবং জেলা সদরের বাইরে অবস্থিত পরীক্ষা কেন্দ্রসমূহে শান্তি শৃংখলা রক্ষার্থে এবং জারীকৃত ফৌঃ কাঃ বিঃ ১৪৪ ধারা নিষেধাজ্ঞা আদেশ কার্যকর করার নিমিত্তে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স নিয়োগ করা জন্য পুলিশ সুপার, নীলফামারীকে অনুরোধ করা হয়।

২৬। পরীক্ষা কেন্দ্রসমূহে সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের জন্য প্রয়োজনীয় সংখ্যক ভিজিলেন্স টিম গঠন করতে হবে।

২৭। সিভিল সার্জন, নীলফামারী পরীক্ষার দিনগুলিতে পরীক্ষা চলাকালীন সময়ের জন্য প্রত্যেকটি পরীক্ষা কেন্দ্রে চিকিৎসক নিয়োগের ব্যবস্থা করবেন। উক্ত চিকিৎসক পরীক্ষার্থী এবং পরীক্ষার দায়িত্বে নিয়োজিত ব্যক্তিগণ অসুস্থ হয়ে পড়লে তাৎক্ষণিক ভাবে চিকিৎসা সেবা প্রদান করবেন।

২৮। পরীক্ষা কেন্দ্রের কোন কক্ষে নকল হলে কর্তব্যরত শিক্ষক যদি তা ধরতে ব্যর্থ হন এবং বহিরাগত কোন ম্যাজিস্ট্রেট/পরিদর্শক সে নকল ধরেন তবে ঐ শিক্ষককে বহিস্কার করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। কোন কক্ষ পরিদর্শক তাঁর কক্ষ ছাড়া অন্য কোনো কক্ষে যেতে পারবেন না।

২৯। পরীক্ষা চলাকালে পরীক্ষার্থীকে পানি খাওয়ানোর জন্য কোন পিয়ন বা দপ্তরী পরীক্ষা কক্ষে প্রবেশ করতে পারবেন না পরীক্ষা কেন্দ্রের প্রতিটি কক্ষের সামনে গ্লাস ও পানির পাত্র রাখতে হবে।

৩০। পরীক্ষা শেষ হওয়ার ১৫ মিনিট পূর্বে খাতা সেলাই কাজ শেষ করতে হবে।

৩১। পরীক্ষা কক্ষে কোন পরীক্ষার্থীর কাছ থেকে কোন নকল পাওয়া গেলে তাকে বহিস্কার সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুয়া পরিচয় দিয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর বিরুদ্ধে মোবাইল কোর্ট অধ্যাদেশ,২০০৯ মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।

৩২। পরীক্ষা কেন্দ্রের আশে পাশে আইন-শৃংখলা বিঘ্নকারী অপরাধীর বিরুদ্ধে আইনানুগ দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩৩। পরীক্ষা চলাকালিন শুরুর ১ ঘন্টা পূর্বে ও পরে ১ ঘন্টা কেন্দ্রের আশেপাশের ফটোকপির দোকান এবং লাইব্রেরি বন্ধ থাকবে।

৩৪। যেদিন যে বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে, সে বিষয়ের সংশ্লিষ্ট শিক্ষকগণ পরীক্ষার দায়িত্ব পালন হতে বিরত থাকবেন।

২৯। প্রতিদিনের কক্ষ পরিদর্শকের তালিকার একটি কপি সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রেরণ করতে হবে।

৩০। সভার কার্যবিবরণী জেলা প্রশাসক, নীলফামারী মহোদয়ের ওয়েব সাইট **www.nilphamari.gov.bd** তে দেয়া হবে। সেখান থেকে কেন্দ্রে সচিবগণ ডাউনলোড করে সংরক্ষণ করবেন।

৩১। নিয়ন্ত্রণ কক্ষ ও দৈনিক পরীক্ষার তথ্য পরীক্ষা শেষ হওয়ার সাথে সাথে পরীক্ষার তথ্য সংশ্লিষ্ট বোর্ডের কন্ট্রোল রুমে এবং জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারীতে স্থাপিত কন্ট্রোল রুমের (টেলিফোন-০৫৫১-৬১৮৪১, মোবাইল-০১৭১২৯৩১৬২৬ ও ০১৭৫০৭৩৫৪৮৪) -এ জানানোর জন্য উপজেলা নির্বাহী অফিসারগণ/কেন্দ্রের কেন্দ্র সচিবগণকে অনুরোধ করা হলো।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

( মোহাম্মদ খালেদ রহীম )
জেলা প্রশাসক
নীলফামারী
ফোন ঃ ০৫৫১-৬১৩২৯
E-mail: dcnilphamari@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,নীলফামারী
(শিক্ষা শাখা)
**www.nilphamari.gov.bd**

স্মারক নং: ০৫.৭৩০০.০২০.০৩.০০২.১৮ - ২১৩ তারিখঃ ২৭মার্চ ২০১৮ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। পুলিশ সুপার, নীলফামারী।
০৪। সিভিল সার্জন, নীলফামারী।
০৫। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর/চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
০৬। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর ঢাকা।
০৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নীলফামারী।
০৮। আঞ্চলিক পোস্ট মাস্টার জেনারেল, রংপুর অঞ্চল, রংপুর।
০৯। উপজেলা নির্বাহী অফিসার, নীলফামারী সদর/ডোমার/ডিমলা/জলঢাকা/কিশোরগঞ্জ/ সৈয়দপুর।
১০। জেলা শিক্ষা অফিসার, নীলফামারী।
১১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার/কেন্দ্র সচিব ..........................................................................
১২। পোস্ট মাস্টার, নীলফামারী প্রধান ডাকঘর, নীলফামারী।
১৩। গোপনীয় সহকারী, জেলা প্রশাসক, নীলফামারী। জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।

( পূদম পুষ্প চাকমা )
সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসকের কার্যালয় নীলফামারী।
ফোন : ০৫৫১-৬১৮৪১